



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
জনপ্রশাসন মন্ত্রণালয়
১ম ১২তলা সরকারি অফিস ভবন (১১তলা)
সেগুনবাগিচা, ঢাকা।
(web: www.bkkb.gov.bd)



নম্বর ০৫.৮১.০০০০.০০৫.৪১.০০৭.১৯.খন্ড-২.১৬৮৭

তারিখ: ১৪/১১/২০২১


বিজ্ঞপ্তি

বিষয়: বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের বিভাগীয় পর্যায়ে কল্যাণভাতা, যৌথবীমা এবং দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া অনুদানের “Service Simplification Software” ব্যবহারের মাধ্যমে অনলাইন ব্যবস্থাপনা চালু

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ৩টি সেবার (কল্যাণভাতা, যৌথবীমা ও দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া অনুদান) জন্য ১টি ফরমে একই কাগজপত্র দিয়ে আবেদন গ্রহণ এবং একসাথে অনুমোদন প্রদান সংক্রান্ত উদ্ভাবনী উদ্যোগটি বাস্তবায়নের জন্য Service Simplification Software প্রস্তুত করা হয়। এছাড়া বোর্ডের সকল অনলাইন সেবা একই ডোমেইন এর আওতায় আনার লক্ষ্যে Unique Registration System টি প্রণয়ন করে সমন্বয়পূর্বক বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) এর ডাটা সেন্টারে হোস্টিং করা হয়, যার URL: sss.bkkb.gov.bd।

০২। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের প্রধান কার্যালয়ে ঢাকা মহানগরের অধিক্ষেত্রে “কল্যাণভাতা, যৌথবীমা ও দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া অনুদান” সেবার Service Simplification Software ব্যবহারের মাধ্যমে অনলাইন ব্যবস্থাপনা ১ নভেম্বর, ২০২০ হতে চালু করা হয়েছে।

০৩। বোর্ডের বিভাগীয় পর্যায়ে কল্যাণভাতা, যৌথবীমা ও দাফন অনুদান সেবা কার্যক্রম প্রচলিত নিয়মের পরিবর্তে অনলাইন ব্যবস্থাপনা ৩১ ডিসেম্বর, ২০২১ তারিখের মধ্যে বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে বিভাগীয় কার্যালয়ের অধিক্ষেত্রে অনুযায়ী কর্মচারী সর্বশেষ যে অফিসে কর্মরত ছিলেন সে অফিসের মাধ্যমে ১৫ ডিসেম্বর, ২০২১ তারিখ হতে URL: sss.bkkb.gov.bd ব্যবহার করে অনলাইনে আবেদন করতে পারবেন। আবেদনের সাথে প্রয়োজনীয় কাগজপত্রের স্ক্যান কপি সংযুক্ত করে আবেদন দাখিল করতে হবে। অনলাইনের পাশাপাশি আবেদনের হার্ড কপি বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয়ের পরিচালক বরাবরে প্রেরণ করতে হবে।


(ড. নাহিদ রশীদ)
মহাপরিচালক (সচিব)
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
ফোন: +৮৮-০২-৪৯৩৪৯৩২৩
ই-মেইল: dg@bkkb.gov.bd

বিতরণ জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
২. সিনিয়র সচিব/সচিব,
৩. বিভাগীয় কমিশনার ও সভাপতি, বিভাগীয় আঞ্চলিক কল্যাণ কমিটি, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ।
৪. পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর।
৫. প্রকল্প পরিচালক, এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
৬. পরিচালক(প্রশাসন)/ পরিচালক (উন্নয়ন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
৮. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৯. সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের অবগতির জন্য)।
১০. সিনিয়র সিস্টেমস এনালিস্ট, পি.এ.সি.সি, জনপ্রশাসন মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১. তথ্য অফিসার, পি.আই.ডি, সংবাদ কক্ষ।
১২. প্রোগ্রামার, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৩. অফিস কপি।